

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 06-12-2025**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) সম্পূর্ণ স্বচ্ছ ও ক্রটিহীন ভোটার তালিকা তৈরির স্বার্থে, নির্বাচন কমিশন এস আই আর-এর সময়সীমা আরও বাড়াতে পারে ।

খসড়া ভোটার তালিকায় যাতে যোগ্য ভোটারদের নাম থাকে তা সুনির্ণিত করার লক্ষ্যে কমিশন ১১ ডিসেম্বরের আগে সংশ্লিষ্ট পোলিং বুথে, বিএলএ-দের নিয়ে, বিএলও-দের বৈঠক করার নির্দেশ দিয়েছে ।

২) মূর্শিদাবাদের বেলডাঙ্গায় প্রস্তাবিত মসজিদের শিলান্যাসকে কেন্দ্র করে আজ কোনরকম অপ্রীতিকর ঘটনা রোধে সবরকম ব্যবস্থা নিতে রাজ্যকে নির্দেশ কলকাতা হাইকোর্টে ।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস কোনোরকম উক্ফানিমূলক মন্তব্য বা গুজবে বিভ্রান্ত না হওয়ার পরামর্শ দিয়েছেন রাজ্যবাসীকে ।

৩) কলকাতা হাইকোর্ট, চলতি শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় "টেন্টেড "' বা অযোগ্য বলে চিহ্নিত'-দের অংশগ্রহণ করার বিরুদ্ধে আদালত অবমাননার মামলা গ্রহণ করেছে ।

এদিকে প্রাথমিকে ৩২ হাজার চাকরির মামলায় সুপ্রিম কোর্টে ক্যাভিয়েট দাখিল করেছেন কর্মরত শিক্ষকরা ।

৪) উত্তরে হাওয়ায় ভর করে রাজ্যে আজ সর্বনিম্ন তাপমাত্রা বেশ কিছুটা কমেছে ।

৫) সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে বাংলা আজ পন্ডিচেরির বিরুদ্ধে খেলবে ।

সম্পূর্ণ স্বচ্ছ ও ক্রটিহীন ভোটার তালিকা তৈরির স্বার্থে নির্বাচন কমিশন, SIR-এর সময়সীমা আরও বাড়াতে পারে বলে ইঙ্গিত মিলেছে। এসআইআরের কাজ চলা মোট ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে গতকাল এক বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার একথা জানান। SIR-এর কাজের জন্য সময়সীমা বাড়াতে হলে, সংশ্লিষ্ট রাজ্যের সিইও দণ্ডরকে নির্বাচন কমিশনের কাছে বিষয়টি সুপারিশ করতে বলা হয়েছে। কমিশন তা খতিয়ে দেখে ডেডলাইন বা নির্ধারিত সময়সীমা বাড়ানোর সিদ্ধান্ত নেবে।

কেরালায় ইতোমধ্যেই নির্বাচন কমিশন রাজ্য সরকারের অনুরোধে এসআইআর প্রক্রিয়ার সময়সীমার মেয়াদ আরও এক সপ্তাহের জন্য বাড়িয়ে দিয়েছে।

এদিকে, কমিশন খসড়া ভোটার তালিকায় যাতে যোগ্য ভোটারদের নাম থাকে তা সুনিশ্চিত করার লক্ষ্যে ১১ ডিসেম্বর Enumeration পর্ব শেষ হওয়ার আগে সংশ্লিষ্ট পোলিং বুথে, বিএলও-দের বৈঠক করার নির্দেশ দিয়েছে। এ বৈঠকে বুথ লেভেল এজেন্টদের উপস্থিতি বাধ্যতামূলক। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠকে এই নির্দেশ দেন।

এ বৈঠকে আলোচ্য সূচী ও গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত জেলা নির্বাচনী আধিকারিক DEO ওয়েবসাইটে আপলোড করতে হবে, যাতে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের ওয়েবসাইট লিঙ্কও দেওয়া থাকবে। এনুমারেশনের যাবতীয় তথ্য যেমন প্রতিটি বুথে মোট ভোটদাতার সংখ্যা কত দাঁড়ালো, কতগুলি ফর্ম ফেরত এসেছে, কতজন ভোটদাতার নাম খসড়া তালিকায় অন্তর্ভুক্ত হয়নি, স্থানান্তরিত ও ভুয়ো ভোটদাতা সহ বিভিন্ন বিষয় খতিয়ে দেখা হবে।

অন্যদিকে, খসড়া ভোটার তালিকায় প্রকৃত অর্থে কত ভোটদাতা মৃত হিসেবে তালিকাভুক্ত হওয়া উচিত—তা নিশ্চিত করতে বিভিন্ন সরকারি ও আধা-সরকারি উৎস থেকে তথ্য মিলিয়ে দেখা বাধ্যতামূলক বলেও নির্বাচন কমিশন জানিয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার গতকালের বৈঠকে গ্রাম পঞ্চায়েত ও পুরসভায় নথিভুক্ত মৃত্যুর তথ্য সেই অনুযায়ী প্রথমেই ঘাচাই করে দেখার নির্দেশ দেন। পাশাপাশি এলআইসি, ব্যাঙ্ক ও সমবায় ব্যাঙ্কের রেকর্ডে মৃত গ্রাহকদের তথ্যও খতিয়ে দেখতে বলা হয়েছে।

পশ্চিমবঙ্গের তরফে এই বৈঠকে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, ছাড়াও অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস ও অরিন্দম নিয়োগী এবং উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুমন্ত রায়ও উপস্থিত ছিলেন।

অন্যদিকে, রাজ্যে এস আই আর প্রক্রিয়া চলাকালীন যে সমস্ত BLO-র মৃত্যু হয়েছে, তাঁদের ক্ষতিপূরণ দেওয়ার কথা বিবেচনা করছে নির্বাচন কমিশন। তাদের ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পর বিষয়টি খতিয়ে দেখে ক্ষতিপূরণের প্রক্রিয়া শুরু করা হতে পারে বলে কমিশন সূত্রে জানা গেছে।

---

মুর্শিদাবাদের বেলডাঙ্গায় তৃণমূল কংগ্রেসের বহিক্ষুত বিধায়ক হৃমায়ুন কবীরের প্রস্তাবিত মসজিদের শিলান্যাসকে কেন্দ্র করে আজ ঐ এলাকায় যাতে কোনোরকম অশান্তি ছড়াতে না পারে, কলকাতা হাইকোর্ট তা নিশ্চিত করতে প্রশাসনকে নির্দেশ দিয়েছে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঁধ, এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় অশান্তি ছড়ানো রুখতে প্রশাসনকে কড়া হাতে পরিস্থিতি মোকাবিলাও করতে বলেছেন।

রাজ্যপাল ডষ্টের সি ভি আনন্দ বোস প্রস্তাবিত মসজিদের ভিত্তিপ্রস্তর স্থাপনকে কেন্দ্র করে কোনোরকম উক্ষানিমূলক মন্তব্য বা গুজবে বিভ্রান্ত না হওয়ার পরামর্শ দিয়েছেন রাজ্যবাসীকে। সকলকে তিনি শান্ত, সতর্ক ও সচেতন থাকারও আহ্বান জানিয়েছেন। পাশাপাশি রাজ্যের কোথাও যেন আইন-শৃঙ্খলা বিস্থিত এবং অশান্তি না হয়, সেই জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা নিতেও রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছেন ডষ্টের সি ভি আনন্দ।

এছাড়া লোক ভবনকে অ্যাক্সেস পয়েন্ট সেল অবিলম্বে গঠন করে তা ২৪ ঘণ্টা কার্যকর রাখতেও নির্দেশ দিয়েছেন রাজ্যপাল। তিনি নিজে সরাসরি পরিস্থিতির ওপর নজরদারি চালাবেন। লোকভবন সূত্রে জানা গেছে, এই সেলের প্রধান হিসাবে দায়িত্ব পালন করবেন চিফ অব স্টাফ ড. এস. কে. পটনায়ক। অ্যাক্সেস পয়েন্ট সেলের যোগাযোগের নম্বর: হল ০৩৩-২২০০১৬৪১।

এদিকে রাজ্য সরকার, যেকোনোরকম অগ্রীতিকর ঘটনা রোধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশকে নির্দেশ দিয়েছে। ইতোমধ্যেই বিশেষ নজরদারি দল তৈরি করে, জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় মোতায়েন করা হয়েছে। পাশাপাশি সতর্ক থাকতে বলা হয়েছে গোয়েন্দা বিভাগকেও।

---

তৃণমূল কংগ্রেসের বহিক্ষুত নেতা, বিধায়ক ভূমায়ুন কবীরের প্রস্তাবিত মসজিদ নির্মানের বিষয়ে বিজপির রাজ্য সভাপতি, সাংসদ শমীক ভট্টাচার্য গতকাল রাজ্যসভায় বলেন, এ ধরনের উদ্যোগ ভারতীয় সংস্কৃতির পরিপন্থী। যা কখনোই বাস্তবায়িত হতে দেওয়া হবেনা বলেও মন্তব্য করেন তিনি।

(বাইট- শমীক)

সম্প্রীতি ও সৌহার্দের বার্তা সামনে রেখে কলকাতায় আজ পথ্যাত্রা করবে প্রদেশ কংগ্রেস। প্রদেশ কংগ্রেসের রাজ্য সভাপতি শুভক্ষর সরকার বলেন, ওই পদ্যাত্রা টিপু সুলতান মসজিদ থেকে সেন্ট্রাল এভিনিউয়ের রাম মন্দির পর্যন্ত যাবে। শুভক্ষর বাবু বলেন, ঐতিহ্য যাতে কোনভাবে বিনষ্ট না হয় তা ওই পদ্যাত্রার মধ্যে দিয়ে সেই বার্তা তুলে ধরা হবে।

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, ভগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য [www.newsonair.gov.in](http://www.newsonair.gov.in) -এ পাওয়া যাবে। আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।

কলকাতা হাই কোর্ট, চলতি শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় "টেন্টেড "' বা অযোগ্য বলে চিহ্নিত-দের অংশগ্রহণ করার বিরুদ্ধে আদালত অবমাননার মামলা গ্রহণ করেছে। বিচারপতি সৌগত ভট্টাচার্য গতকাল এই মামলা গ্রহণ করে নির্দেশ দিয়েছেন, আগামী ১৪ দিনের মধ্যে সব পক্ষকে মামলার নোটিস ও নথি দিতে হবে। জানুয়ারি মাসে মামলার শুনানি।

মামলাকারীদের পক্ষে আইনজীবী সুদীপ্ত দাশগুপ্ত অভিযোগ করেন, হাই কোর্ট এবং সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও সম্পূর্ণ অযোগ্যদের তালিকা এখনো প্রকাশ করেনি

কমিশন। এমন কি মেয়াদ উত্তীর্ণ প্যানেল থেকে চাকরি পাওয়া "টেন্টেড" তালিকাও প্রকাশ করা হয়নি।

সুদীপ্ত বাবু আরও জানান, সম্প্রতি সুপ্রিম কোর্ট ও এসএসসি-কে সবিস্তার অযোগ্যদের তালিকা প্রকাশ করতে হবে বলে নির্দেশ দিয়েছে। এর বাইরে এসএসসি-র নতুন নিয়োগ নিয়ে যা যা প্রশ্ন বা আপত্তি উঠেছে, তা সবই কলকাতা হাইকোর্ট খতিয়ে দেখবে। একই সঙ্গে সুপ্রিম কোর্টের যে নির্দেশ ছিল, কোনও অজুহাতেই যেন অযোগ্যরা চাকরি প্রক্রিয়ায় সুযোগ না পান, তাও সুনিশ্চিত করতে হবে কমিশনকেই।

---

প্রাথমিকে 32 হাজার চাকরির মামলায় সুপ্রিমকোর্টে "ক্যাভিয়েট" দাখিল করলেন কর্মরত শিক্ষকরা। হাইকোর্টের নির্দেশের বিরুদ্ধে সুপ্রিমকোর্টে কোন আবেদন জমা পড়লে তাতে তাদের বক্তব্য না শুনেই শীর্ষ আদালত যাতে কোন নির্দেশ না দেয় সে কারণেই এই পদক্ষেপ।

উল্লেখ্য, দুই বিচারপতি তপৰত চক্ৰবৰ্তী ও ঋতুৰত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ গত বুধবার এক নির্দেশ ২০১৬ সালে নিযুক্ত ৩২ হাজার শিক্ষকের চাকরি বহাল রাখার নির্দেশ দেয়। সেই রায়ের বিরুদ্ধে সুপ্রিমকোর্টে কোন আবেদন জমা পড়ার আগেই কর্মরত শিক্ষকরা এই ক্যাভিয়েট দাখিল করলেন।

---

কলকাতা মেট্রো, হঠাৎ বিদ্যুৎ পরিষেবা বন্ধ হলে আপৎকালীন পরিস্থিতিতে যাত্রীদের উদ্ধার করতে লিথিয়াম আয়রন ফসফেট ব্যাটারির প্রয়োগ শুরু করতে যাচ্ছে। সারা দেশের মধ্যে এবং ভারতীয় রেলের ইতিহাসে কলকাতা মেট্রোতেই প্রথম এই

ব্যবস্থা চালু হবে বলে জানিয়েছেন কলকাতা মেট্রোর প্রিসিপাল চিফ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার অসীম কুমার মজুমদার। কলকাতায় গতকাল বণিক সভা ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স আয়োজিত তৃতীয় রেল ইন্ডিয়া ফোরাম-দা ফিউচার এক্সপ্রেস শীর্ষক আলোচনা সভায় তিনি বলেন, ভারত সরকারের নির্দেশিকা অনুযায়ী লেড অ্যাসিড ব্যাটারির ব্যবহার সম্পূর্ণ রূপে বর্জন করার প্রক্রিয়া শেষ হয়ে এসেছে। এগুলির স্থায়িত্বকাল ছিল মাত্র চার বছর। অন্যদিকে নতুন প্রযুক্তির লিথিয়াম আয়রন ফসফেট ব্যাটারি টানা ১৫ বছর কর্মক্ষম থাকবে। আগামী বছর জানুয়ারি মাসে নতুন এই ব্যাটারি রু লাইনের সেন্ট্রাল স্টেশনে প্রথম বসানোর কাজ শুরু হবে।

### বাইট অসীম কুমার মজুমদার

পুর্ণবীকরণ যোগ্য শক্তির ব্যবহার প্রসঙ্গে শ্রী মজুমদার বলেন, ২০২৬ সালের মধ্যে কলকাতা মেট্রোর অরেঞ্জ ও ব্লু লাইন এর প্রতিটি স্টেশনে সোলার প্যানেল বসানোর কাজ শেষ হলে সেখান থেকে ৩১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন করা সম্ভব হবে।

উত্তরে বাতাসে ভর করে রাজ্যে আজ সর্বনিম্ন তাপমাত্রা বেশ কিছুটা কমেছে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা ২ দশমিক ১ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে প্রায় দেড় ডিগ্রী কম। দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই নূন্যতম তাপমাত্রা স্বাভাবিকের থেকে কম রয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতেও একই চিত্র। আগামী ৭ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দণ্ডর জানিয়েছে।

রাজ্যের লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের প্রতিষ্ঠা বার্ষিকী উৎসব আজ শুরু হতে চলেছে। দক্ষিণ কলকাতার ছিটকালিকাপুরের লোকগ্রামে এই উৎসবের সূচনা করবেন মন্ত্রী ইন্দ্রনীল সেন।

আজ ও আগামীকাল রাজ্যের বিভিন্ন জেলা থেকে ওই উৎসবে বাটুল, ভাওয়াইয়া, ফকিরি, ঝুমুর গান ও বিভিন্ন লোক নৃত্য ও পালা পরিবেশন করা হবে।

---

সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে, বাংলা আজ পন্ডিচেরিরি বিরুদ্ধে খেলবে। হায়দ্রাবাদের জিমখানা মাঠে, খেলা শুরু হবে সকাল ৯ টায়।

---

Indigo-র বহু সংখ্যক উড়ান বাতিলের প্রেক্ষিতে অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে পূর্ব ও দক্ষিণ পূর্ব রেল বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

---